# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৯৩

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ (১৯) তাশরীকের দিনগুলোতে সিয়াম রাখা প্রসঙ্গে বর্ণনা

## 19 ـ فَصْلٌ فِي صَوْمِ أَيَّامِ التَّشْرِيقِ

আরবী

3593 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ: حَدَّثَنَا عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (أَيَّامُ التشريق أيام طَعْمٍ وذِكْرٍ)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3593 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ المصدر نفسه ، ((الصحيحة)) (1282).
قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صلى الله عليه وسلم: (أَيَّامُ طَعْمٍ) لَفْظَةُ إِخْبَارٍ مُرَادُهَا الزَّجْرُ عَنْ صِيَامِ أَيَّامِ التَّشْرِيقِ فَزَجَرَ عَنْ صِيَامِ هَذِهِ الْأَيَّامِ بِلَفْظِ إِبَاحَةِ الْأَكْلِ فِيهَا فَقَالَ: (أيامُ طعمٍ) وَقَوْلُهُ صلى الله عليه وسلم: (وذِكْرٍ) قَصَدَ بِهِ النَّدْبَ وَالْإِرْشَادَ.

বাংলা

৩৫৯৩. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তাশরীকের দিনগুলো (যিলহজ্জ মাসের ১১, ১২ ও ১৩ তারিখ) খাওয়া ও যিকর করার দিন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য, “খাওয়ার দিন” এটি একটি বর্ণনামূলক শব্দ; উদ্দেশ্য হলো তাশরীকের দিনগুলোতে সিয়াম রাখার ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপ করা। কাজেই এই দিনগুলোকে পানাহার বৈধতা নির্দেশক শব্দ দ্বারা এই দিনগুলোতে সিয়াম রাখতে নিষেধ করেছেন। তিনি বলেছেন, “খাওয়ার দিন।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য, “যিকর করার দিন” এর দ্বারা উদ্দেশ্য হলো মুস্তাহাব বুঝানো ও নির্দেশনা প্রদান।”

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৪/২১; ইবনু মাজাহ: ১৭১৯; মুসনাদ আহমাদ: ২/৫১৩; তাহাবী: ২/২৪৪; দারাকুতনী: ৪/২৮৩; সহীহ মুসলিম: ১১৪১; আবূ দাউদ: ২৮১৩; নাসাঈ: ৭/১৭০; সুনান বাইহাকী: ৪/২৯৭; আত তায়ালিসী: ১২৯৯; দারেমী: ২/২৩-২৪; ইবনু মাজাহ: ১৭২০; সহীহ ইবনু খুযাইমাহ: ২১৪৭; হাকিম: ১/৪৩৪-৪৩৫; মুয়াত্ত্া ইমাম মালিক: ১/৩৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/১২৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92929

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন